

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭১০

৪৬/ রাসূলুল্লাহ ্রান্তি ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা । পরিচ্ছেদঃ ১৯. 'উসমান ইবনু আফফান (রাযিঃ)-এর মর্যাদা।

## আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْد، عَنْ أَيُّوبَ، عَنْ أَيِي عُثْمَانَ اللَّهْدِيِّ، عَلَا النَّهْدِيِّ، عَنْ أَيُوبَ، عَنْ أَيُوبَ، عَنْ أَيُوبَ، عَنْ أَيُوبَ، عَنْ أَيُوبَ، عَنْ أَيُوبَ عَلَى الله عليه وسلم فَدَخُلَ حَائِطًا لِلأَنْصَارِ فَقَضَى حَاجَتَهُ فَقَالَ لِي " يَا أَبَا مُوسَى أَمْلِكُ عَلَى ّالْبَابَ فَلاَ يَدْخُلُنَّ عَلَى ّأَحَدٌ لِلأَنْصَارِ فَقَضَى حَاجَتَهُ فَقَالَ لِي " يَا أَبَابَ فَقُلْتُ مَنْ هَذَا فَقَالَ أَبُو بَكْرٍ . فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَذَا أَبُو بَكْرٍ يَسْتَأْذِنُ . قَالَ " الْذَنْ لَهُ وَيَشِّرْهُ بِالْجَنَّةِ " . فَذَخَلَ وَيَشَّرْتُهُ بِالْجَنَّةِ وَجَاءَ رَجُلُّ لَكُ أَبُو بَكْرٍ يَسْتَأْذِنُ . قَالَ " الْذَنْ لَهُ وَيَشِّرُهُ بِالْجَنَّةِ " . فَذَخَلَ وَيَشَّرْتُهُ بِالْجَنَّةِ وَجَاءَ رَجُلُ لَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَذَا عُمَرُ يَسْتَأْذِنُ . قَالَ " افْتَحْ لَهُ وَيَشَرْهُ بِالْجَنَّةِ " . فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَذَا عُمَلُ يَسْتَأْذِنُ . فَضَرَبَ الْبَابَ فَقُلْتُ مَنْ هَذَا قَالَ عُثْمَانُ . فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَذَا عُثَمَانُ يَسْتَأْذِنُ . فَضَرَبَ الْبَابَ فَقُلْتُ مَنْ هَذَا قَالَ عُثْمَانُ . وَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَذَا عُثَمَانُ يَسْتَأْذِنُ . فَقُلْتُ اللَّهُ مِنَا الْفَهُ مِنَا عُثُمَانُ يَسْتَأْذِنُ . وَقُلْتُ مُنَا اللَّهُ مِنَا عُنْمَانُ يَسْتَأْذِنُ . مَوْسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ قَالَ " افْتَحْ لَهُ وَيَشِرْهُ بِالْجَنَّةِ عَلَى بَلُوى تُصِيعِبُهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ عَيْرِ وَجُهٍ عَنْ أَبِي عُثْمَانَ النَّهُ دِيِّ . وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَابْنِ عُمْرَ وَجُهٍ عَنْ أَبِي عُثْمَانَ النَّهُ دِيِّ . وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَابْنِ عَمْرَ وَجُهٍ عَنْ أَبِي عُثْمَانَ النَّهُ دِيِّ . وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَابْنِ عَمْرَ وَجُهُ عَنْ أَبِي عُثْمَانَ النَّهُ دِيِّ . . وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَابْنِ عَمْرَ وَجُهُ عَنْ أَبِي عَنْ أَبِي عُثْمَانَ النَّهُ مِي . . وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَابْنِ

## বাংলা

৩৭১০। আবূ মূসা আল-আশ'আরী (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে রওয়ানা হলাম। তিনি এক আনসারীর বাগিচায় ঢুকে তার প্রকৃতিক প্রয়োজন সারেন, তারপর আমাকে বললেনঃ হে আবূ মূসা দরজায় যাও, যাতে বিনা অনুমতিতে কেউ আমার নিকট প্রবেশ করতে না পারে।

এক লোক এসে দরজায় আঘাত করলে আমি বললাম, আপনি কে? তিনি বললেন, আমি আবূ বকর। সে সময় আমি গিয়ে বললাম, হে আল্লাহর রাসূল! এই যে আবূ বকর অনুমতিপ্রার্থী। তিনি বললেনঃ তাকে অনুমতি দাও এবং তাকে জান্নাতের সুখবর দাও। অতএব তিনি প্রবেশ করলেন এবং আমি তাকে জান্নাতের সুখবর জানালাম।

তারপর এক লোক এসে দরজায় আঘাত করলে আমি বললাম, আপনি কে? তিনি বলেন, উমার। আমি বললাম,



হে আল্লাহর রাসূল! এই যে উমার আপনার অনুমতি চায়। তিনি বললেনঃ তাকে দরজা খুলে দাও এবং তাকেও জান্নাতের সুসংবাদ দাও। অতএব আমি দরজা খুলে দিলে তিনি প্রবেশ করেন এবং তাকেও আমি জান্নাতের সুসংবাদ দিলাম।

তারপর আরেক লোক এসে দরজায় আঘাত করলে আমি বললাম, আপনি কে? তিনি বললেন, উসমান। আমি বললাম, হে আল্লাহর রাসূল! এই যে উসমান অনুমতিপ্রার্থী। তিনি বললেনঃ তাকে দরজা খুলে দাও এবং তার উপর কঠিন বিপদ আসবে এ কথা বলে তাকেও জান্নাতের সুসংবাদ জানাও।

সহীহঃ সহীহ আদাবুল মুফরাদ, বুখারী ও মুসলিম।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। এ হাদীস আবূ উসমান আন-নাহদী হতে একাধিক সনদে বর্ণিত হয়েছে। এ অনচ্ছেদে জাবির ও ইবন উমর (রাযিঃ) হতেও হাদীস বর্ণিত আছে।

## **English**

Narrated Abu Musa Al-Ash'ari:

"I went with the Prophet (ﷺ) and he entered a garden of the Ansar, and he relieved himself. He said to me: 'O Abu Musa! Watch the gate for me, and do not let anyone enter except with permission.' Then a man came and knocked at the gate, so I said: 'Who is it?' He said: 'Abu Bakr.' So I said: 'O Messenger of Allah (ﷺ)! It is Abu Bakr asking permission?' He said: 'Give him permission and give him the glad tidings of Paradise.' So he entered, and I gave him the glad tidings of Paradise. Another man came and knocked at the gate. I said: 'Who is it?' He said: "'Umar.' So I said: 'O Messenger of Allah (ﷺ)! It is 'Umar asking permission?' He said: 'Open it for him, and give him the glad tidings of Paradise. Then another man knocked at the gate. I said: 'Who is it?' So he said: "Uthman.' I said: 'O Messenger of Allah! It is 'Uthman asking permission.' He said: 'Open it for him, and give him the glad tidings of Paradise due to a calamity that will befall him.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন